উপজেলা পরিষদ

ফুলবাড়ী, কুড়িগ্রাম।

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.১০.০০৪.২২ -৯৮৭ (৪০)

তারিখ ঃ ০৫ ভাদ্র ১৪৩১। ২০ আগস্ট ২০২৪।

বিষয় ঃ উপজেলা পরিষদের মাসিক সভায় যোগদান প্রসঙ্গে।

আগামী ২৯ আগস্ট, ২০২৪ তারিখ বৃহস্পতিবার বেলা ১১:০০ টায় ফুলবাড়ী উপজেলা পরিষদের আগস্ট, ২০২৪ মাসের মাসিক সভা উপজেলা পরিষদ সভা কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে যোগদান করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য সভার কার্যপত্র প্রণয়নের জন্য তাঁর বিভাগের চলমান কার্যক্রমের তথ্যাদি আগামী ২৮-০৮-২০২৪ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

(রেহেনুমা তারান্নুম)
প্রশাসক, উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার।
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২) উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৩) উপজেলা কৃষি কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৪) উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৫) উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৬) উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৭) উপজেলা শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৮) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৯) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১০) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১১) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১২) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৩) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৪) উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৫) উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৬) ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৭) চেয়ারম্যান, ........................................ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৮) জনাব........................................................................................

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.১০.০০৪.২২ -৯৮৭ (৪০)/১(৪)

তারিখ ঃ ০৫ ভাদ্র ১৪৩১। ২০ আগস্ট ২০২৪।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরিত হলো ঃ**

১। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
২। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৩। নোটিশ বোর্ড।
৪। অফিস নথি।

(রেহেনুমা তারান্নুম)
প্রশাসক, উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার।
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

# উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা :

মাসের নাম : আগস্ট, ২০২৪   সভার তারিখ: ২৯/০৮/২০২৪, সময় : বেলা- ১১.০০ টা।

| ক্র: নং | পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ২ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01748688677 | | |
| ৩ | উপজেলা কৃষি কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01745763080 | | |
| ৪ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01718955198 | | |
| ৫ | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01932460103 | | |
| ৬ | উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01708161639 | | |
| ৭ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01718-996474 | | |
| ৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 0171155694 | | |
| ৯ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01722940783 | | |
| ১০ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01717299128 | | |
| ১১ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01743069747 | | |
| ১২ | উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01716415990 | | |
| ১৩ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01303365324 | | |
| ১৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01724913930 | | |
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01721765008 | | |
| ১৬ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01710425104 | | |
| ১৭ | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ১৮ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ১৯ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | | |
| ২০ | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |

## উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থিত জনপ্রতিনিধি/সদস্যবৃন্দের হাজিরা :

মাসের নাম : আগস্ট, ২০২৪ সভার তারিখ: ২৯/০৮/২০২৪, সময় : বেলা- ১১.০০ টা।

| ক্রমিক নং | পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | চেয়ারম্যান, নাওডাঙ্গা ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01720047348 | | |
| ২ | চেয়ারম্যান, শিমুলবাড়ী ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01742192275 | | |
| ৩ | চেয়ারম্যান, ফুলবাড়ী ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | 29.08.24 |
| ৪ | চেয়ারম্যান, বড়ভিটা ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | | |
| ৫ | চেয়ারম্যান, ভাঙ্গামোড় ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৬ | চেয়ারম্যান, কাশীপুর ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01734163808 | | |

# উপজেলা পরিষদ

## ফুলবাড়ী, কুড়িগ্রাম।

**আগস্ট, ২০২৪ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | রেহেনুমা তারান্নুম<br>প্রশাসক, উপজেলা পরিষদ<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভা কক্ষ। |
| তারিখ | ঃ | ২৯ আগস্ট, ২০২৪। |
| সময় | ঃ | বেলা ১১.০০ টা। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেখানো হলো।

সভাপতি জনাব রেহেনুমা তারান্নুম, প্রশাসক,উপজেলা পরিষদ উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। প্রশাসক,উপজেলা পরিষদ জনাব রেহেনুমা তারান্নুম সভায় উপস্থিত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণসহ সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্য বিষয়- (বিভাগীয় কার্যাবলী)** আলোচনা :

<table>
<tr><th>বিভাগের নাম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>উপজেলা প্রাণি সম্পদ বিভাগ</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। তিনি তাঁর দপ্তর কর্তৃক পরিচালিত আগস্ট, ২০২৪ মাসের কার্যক্রম সভায় উপস্থাপন করেন, যা নিম্নরূপ:
<table>
<tr><th>ক্র: নং</th><th>কার্যক্রমের নাম</th><th>চলতি মাসে অর্জন</th></tr>
<tr><td>১</td><td>গবাদি পশুর চিকিৎসা প্রদান (সংখ্যা)</td><td>৪৬২৩টি</td></tr>
<tr><td>২</td><td>হাঁস-মুরগির চিকিৎসা প্রদান (সংখ্যা)</td><td>২৫২৩৯টি</td></tr>
<tr><td>৩</td><td>গবাদি পশুর টিকা প্রদান (সংখ্যা)</td><td>৯২০টি</td></tr>
<tr><td>৪</td><td>হাঁস-মুরগির টিকা প্রদান (সংখ্যা)</td><td>৩৩০০০টি</td></tr>
<tr><td>৫</td><td>গবাদি পশুর কৃত্রিম প্রজনন</td><td>৩৭০টি</td></tr>
<tr><td>৬</td><td>শংকর জাতের বাচ্চা উৎপাদন</td><td>১৩৮ টি</td></tr>
<tr><td>৭</td><td>উঠান বৈঠক আয়োজন</td><td>০২টি</td></tr>
<tr><td>৮</td><td>উঠান বৈঠকে অংশগ্রহণকারীর সংখ্যা</td><td>৮২ জন</td></tr>
<tr><td>০৯</td><td>উন্নত জাতের ঘাষ চাষ কার্যক্রম</td><td>১.৫৫ একর</td></tr>
<tr><td>১০</td><td>খামারী প্রশিক্ষণ প্রদান</td><td>১৬০ জন</td></tr>
</table></td><td>বিভাগীয় কার্যক্রমসহ গবাদি পশুর অন্যান্য রোগ সম্পর্কে সজাগ থাকতে হবে এবং রোগাক্রান্ত পশু জবাই না করার ব্যাপারে মনিটরিং কার্যক্রমসহ সুন্দর ও সফল ভাবে বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।</td></tr>
<tr><td>উপজেলা স্বাস্থ্য বিভাগ</td><td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম এবং বিভিন্ন রোগের চিকিৎসাসহ সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td><td>উপজেলা স্বাস্থ্য ও পরিরার পরিকল্পনা কর্মকর্তাকে ফুলবাড়ী হাসপাতালে চিকিৎসার মান আরো বৃদ্ধি করতে অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।</td></tr>
<tr><td>উপজেলা কৃষি বিভাগ</td><td>উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। তিনি জানান যে,<br>(ক) খরিপ-২/২০২৪ মৌসুমে অত্র উপজেলায় মোট ১১.৩৫০ হেঃ জমিতে রোপা আমন ধানের চাষ হয়েছে।<br>(খ) কৃষি প্রনোদনা কর্মসূচির আওতায় অত্র উপজেলার ৬৫ জন কৃষকের মাঝে মাস কলাই বীজ ও সার বিতরণ করা হয়।<br>(গ) ডিলার পর্যায়ে রাসায়নিক সার মজুদ ও বিতরণ পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। এ ব্যাপারে মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের মাধ্যমে সার ডিলারের দোকান পরিদর্শন ও মনিটরিং ব্যবস্থা জোরদার করা হয়েছে।</td><td>কৃষি বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। কৃষি বিভাগের অন্যান্য কার্যক্রমসমূহ এবং মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের মনিরটরিং কার্যক্রম জোরদার করতে হবে। কৃষি যান্ত্রিকীকরণ প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।</td></tr>
</table>

(চলমান পাতা/২)

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| উপজেলা মৎস্য অফিস | উপজেলা মৎস্য অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। মৎস্য আইন বাস্তবায়নে বিভিন্ন হাট বাজার পরিদর্শন করা হয় এবং ২০২৪-২৫ অর্থবছরের রাজস্ব খাতের আওতায় ১৫টি সরকারি প্রাতিষ্ঠানিক জলাশয়ে পোনামাছ অবমুক্ত করা হয়েছে। | সভায় আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রমসহ মৎস্য সম্পদের উন্নয়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মৎস্য অফিস, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা প্রকৌশল অফিস (এলজিইডি) | উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকৌশলী ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমসহ মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান, তাঁর দপ্তরের আওতাধীন নিম্নবর্ণিত কার্যক্রম চলমান রয়েছে:<br>১। ২০২৪ সালের এইচএসসি/সমমান পরীক্ষা চলমান।<br>২। পারফরমেন্স বেজড গ্র্যান্টস ফর সেকেন্ডারী ইন্সটিটিউশনস স্কিমের আওতায় উপজেলা পর্যায়ের শ্রেষ্ঠ শিক্ষার্থী পুরস্কার প্রদানের লক্ষ্যে ৩২ জন শিক্ষার্থীর ব্যাংক একাউন্ট খোলা কার্যক্রম সম্পন্ন।<br>৩। উপজেলায় অনুষ্ঠেয় জীবন ও জীবিকা বিষয়ের "পেশাগত কোর্স" বিষয়ক ০৫ দিন এবং ডিজিটাল প্রযুক্তি বিষয়ে "প্রোগ্রামিং এন্ড নেটওয়াকিং" বিষয়ক ০৪ দিনব্যাপী সহকারী শিক্ষকগণের প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন।<br>৪। শিক্ষা প্রতিষ্ঠানে ৬ষ্ঠ থেকে ১২শ ও সমমান শ্রেণির উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের মাঝে জুলাই হতে ডিসেম্বর/২০২৩ কিস্তির অর্থ বিতরণের লক্ষ্যে শিক্ষার্থীদের নগদ হিসাব খোলার কার্যক্রম চলমান।<br>৫। ২০২৪ সালের প্রতিষ্ঠানের অনলাইনে EMIS তথ্য আপলোড কার্যক্রম চলমান।<br>৬। বৈজ্ঞানিক যন্ত্রপাতিসমূহ যথাযথ সংরক্ষণ ও স্টক রেজিস্টারে লিপিবদ্ধসহ শ্রেণি পাঠদানে ব্যবহার কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য গৃহীত কার্যক্রম এবং চলমান কার্যক্রমসমূহ যথাযথ ভাবে বাস্তবায়ন করতে হবে। শিক্ষা বিভাগীয় কর্মকর্তাগণকে নিয়মিত বিদ্যালয়সমূহ পরিদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী। |
| উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা অফিসার সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তাঁর দপ্তর কর্তৃক নিম্নবর্ণিত কার্যক্রম বাস্তবায়িত হয়েছে :<br>১। সাম্প্রতিক ভয়াবহ বন্যায় ক্ষতিগ্রস্থ জেলাসমূহে দুর্দশাগ্রস্থ জনগণকে মানবিক সহায়তা প্রদানের জন্য সকল কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষকগণের স্বেচ্ছায় প্রদত্ত ০১ (এক) দিনের মূলবেতনের সমপরিমাণ অর্থ জমা প্রদান করা হয়েছে।<br>২। শিক্ষার্থীদের ইউনিক আইডির কাজ চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে এবং বিদ্যালয়সমূহ নিয়মিত পরিদর্শন করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উপজেলা সমাজসেবা অফিস কর্তৃক বাস্তবায়িত বিভিন্ন ভাতা বিতরণ কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

(চলমান/৩)

| | | | |
|---|---|---|---|
| উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর বিভাগের আওতায় বিভিন্ন খাতের ঋণ প্রদান ও আদায় কার্যক্রম যথানিয়মে বাস্তবায়িত হচ্ছে:<br>০১। (ক) আগস্ট, ২০২৪ পর্যন্ত আত্মকর্ম রাজস্ব খাতের আওতায় ৮৪০ জনকে ১,৭৩,২৫,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>(খ) আগস্ট, ২০২৪ পর্যন্ত পরিবার ভিত্তিক খাতের আওতায় ২৮২২৯ জনকে ১৭,৬৬,১৯,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>(গ) আগস্ট, ২০২৪ পর্যন্ত উত্তরবঙ্গ ২য় পর্ব প্রকল্পের আওতায় ৩৬২ জনকে ১,০৭,৭৫,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। উপরে বর্ণিত সকল খাতে ঋণ আদায় যথানিয়মে বাস্তবায়িত হচ্ছে ।<br>২। আগস্ট, ২০২৪ পর্যন্ত ৮১২৮ জনকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>৩। ঋণ আদায়ের হার আত্মকর্ম-৮৯%, উত্তরবঙ্গ ২য় পর্বের প্রকল্প ৮৬% পরিবারভিত্তিক ঋণ কর্মসূচি ৯৩%। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ১)দাপ্তরিক কাজকর্মসহ ঋণ প্রদান ও আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | ১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভিন্ন প্রকল্পের কাজ সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তাঁর বিভাগ কর্তৃক ঋণ বিতরণ ও আদায় যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে। | কৃষক, পেশাজীবি, অতিদরিদ্র গ্রামীণ জনগণের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে ঋণ প্রদান কার্যক্রম চালু রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যাবলীসহ গৃহীত প্রকল্পের কাজকর্ম দ্রুত বাস্তবায়ন করতে হবে। | উপসহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যাবলী সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনাসহ বৃক্ষরোপণের বিষয়ে গুরুত্বারোপ করতে হবে। | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী। |
| উপজেলা সমবায় অফিস | উপজেলা সমবায় কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে | উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। তিনি জানান তাঁর বিভাগ কর্তৃক গত আগস্ট, ২০২৪ মাসে নিম্নোক্ত কার্যক্রম পরিচালনা করা হয়:<br>ফুলবাড়ী উপজেলায় মোট সক্ষম দম্পতির সংখ্যা = ৪৩৫২৯ জন, পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা = ৩৪৬৩৫ জন, এবং পদ্ধতি গ্রহণকারীর হার ৭৯.৫৭%<br>১। পুরুষ বন্ধ্যাকরণ-০০, ২। মহিলা বন্ধ্যাকরণ-০১ জন; ৩। আইইউডি-১০ জন; ৪। ইমপ্লান-৪৫ জন, ৫। ইনজেকশন-১৩৩০ জন, ৬। খাবার বড়ি ৮৮৩ জন; ৭। কনডম-১৬৮ জন; ৮। মোট গর্ভবতী সংখ্যা- ১১৭৭ জন; ৯। সেবা প্রাপ্ত গর্ভবতীর সংখ্যা ৬২৯ জন, ১০। মোট প্রসব সংখ্যা-১৫৫ জন; ১১। ০-০৫ বছরের শিশুর সেবা- ৫২৯ জন; ১২। সাধারণ রোগীর সেবা-২১৪৮ জন। এছাড়াও পরিবার পরিকল্পনা বিভাগের মা ও শিশু স্বাস্থ্য সেবাসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | পরিবার পরিকল্পনা বিভাগের মা ও শিশু স্বাস্থ্য সেবাসহ অন্যান্য কার্যক্রম আরো জোরদার করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকতা, ফুলবাড়ী, কুড়িগ্রাম |

(চলমান/৪)

| | | | |
|---|---|---|---|
| উপজেলা পরিষদের বিবিধ আলোচনা | ১। উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়, উপজেলা পরিষদ ক্যাম্পাস, আনসার সেডে ব্যবহৃত ও উপজেলা পরিষদ হলরুম জুলাই/২৪ হতে আগস্ট/২০২৪ মাসের মোট বিদ্যুৎ বিল বাবদ (১৫,৩৩৬+১৮,০৬১) = ৩৩,৩৯৭/-(তেত্রিশ হাজার তিনশত সাতানব্বই) টাকার বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়, উপজেলা পরিষদ ক্যাম্পাস, আনসার সেডে ব্যবহৃত ও উপজেলা পরিষদ হলরুম জুলাই/২০২৪ হতে আগস্ট/২০২৪ মাসের মোট বিদ্যুৎ বিল বাবদ ৩৩,৩৯৭/- (তেত্রিশ হাজার তিনশত সাতানব্বই) টাকার বিল পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১। প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| | ২। সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান ও সাবেক ভাইস চেয়ারম্যানদ্বয়ের ০৪/০৭/২৪ হতে ১৮/০৮/২০২৪ পর্যন্ত সময়ের ভ্রমণ ভাতা বিল অপরিশোধিত আছে। সরকারি বিভিন্ন কর্মসূচিতে অংশ গ্রহণ করার জন্য ভ্রমণ করা হয়ে থাকে। তিনি বকেয়া ভ্রমণভাতা বিলসমূহ জরুরি ভিত্তিতে পরিশোধ করা প্রয়োজন মর্মে সভার দৃষ্টি আকর্ষণ করেন। | বিষয়টি সভায় বিশদভাবে আলোচনা করা হয়। উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান ও সাবেক ভাইস চেয়ারম্যানদ্বয়ের ০৪/০৭/২৪ হতে ১৮/০৮/২০২৪ পর্যন্ত সময়ের ভ্রমণ ভাতা বিল প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষর/অস্পষ্ট ২৯/০৮/২৪

(রেহেনুমা তারান্নুম)
সভাপতি
মাসিক সাধারণ সভা
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলবাড়ী, কুড়িগ্রাম।
www.phulbari.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.০৩.০ ০১.২৩-১০১৯

তারিখ : ১৯ ভাদ্র ১৪৩১। / ০৩ সেপ্টেম্বর ২০২৪।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব/সচিব, ........................................................................., বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৫। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৬। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৭। উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
৮। উপজেলা......................................................কর্মকর্তা,ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৯। চেয়ারম্যান..............................ইউনিয়ন পরিষদ,ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১০। জনাব..................................................................., ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১১। নোটিশ বোর্ড।
১২। অফিস নথি।

০৩/০৯/২৪

(রেহেনুমা তারান্নুম)
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।
ফোন : ০২৫৮৯৯-৫৩৪১১
মোবাইলঃ ০১৭০৯-৯৭৪৫০৩
e-mail:unofulbarikurigram@mopa.gov.bd

০৩/০৯/২৪